


# দৈনিক ইংরেজি

JAN. 29 2002



মুজিব হল ছাত্রদলের বন্স্র বিতরণ

আবাসিক হলগুলো বৈধ ছাত্রদের

জন্য - বহিরাগতদের জন্য নয়

-চাঃ বিঃ ভিসি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৪ শহীদ  
প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৬৬তম  
জন্মবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
মুজিব হল শাখা ছাত্রদলের উদ্যোগে দৃষ্টিদের  
মাঝে বন্স্র বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। এ  
উপলক্ষে গত সপ্তাহের রাতে আয়োজিত এক  
অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর  
আনোয়ার উল্লাই চৌধুরী বলেছেন, আবাসিক  
হলসমূহ বৈধ ছাত্রদের জন্য, বহিরাগতদের  
জন্য নয়। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়কে  
সজ্ঞাস ও বহিরাগতমুক্ত করতে প্রয়োজনীয়  
সকল পদক্ষেপ নেয়া হবে। ছাত্রদলের হল  
শাখার সহ-সভাপতি আমিনুল ইসলামের  
সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে  
বক্তব্য রাখেন ফাতেমা সরকার, পঞ্জী উপন্যাস ও  
সমবায় উপমন্ত্রী এডভোকেট রফিউল কুস্তুস  
তালুকদার দলু। বিশেষ অতিথি হিসেবে  
ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি, প্রফেসর  
জেড এন আহমেদ, টেজারার প্রায়সর সৈয়দ  
রাশেদুল হাসান, হল প্রভোস্ট প্রফেসর গোলাম  
রহমান, আবাসিক শিক্ষক শাহজাহান মিয়া  
প্রমুখ। আরো বক্তব্য রাখেন শওকত,  
এবিএম শামসুজ্জামান, সাগর প্রমুখ।  
উপরিত ছিলেন ছাত্রদল নেতা বেনজীর  
আহমেদ টিটু, মোর্নেদ হাসান, মাসুদ রানা,  
মাহবুবুল কাওসার, তারেক, আকতার, মাসুদ  
পারভেজ, মুসা, আকরাম হাসান, দেলোয়ার  
হোসেন আব্দুস সালাম প্রমুখ।  
প্রধান অতিথির বক্তব্যে এডভোকেট রফিউল  
কুস্তুস তালুকদার দলু, বলেন, বর্তমান  
সরকারের সদিচ্ছার কারণে সজ্ঞাস নির্মূল  
হয়েছে। তিনি আশা প্রকাশ করে বলেন,  
দেশের শ্রেষ্ঠ সন্তান ঢাকা বিশ্ববিদ্যালয়ের  
ছাত্র-ছাতীরা সজ্ঞাস নির্মূলের ভূমিকা রেখে  
শকে এগিয়ে নিয়ে যাবে।